

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

তারিখ: ১২/১২/২০২২ খ্রি.

ইনোভেশন টিমের সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ০৬/১২/২০২২ তারিখ, রোজ মঙ্গলবার, বিকাল ০২:৩০ ঘটিকায় ইনোভেশন টিমের সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতি: সংলাগ-১)।

২.০ আলোচনা:

শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানান। প্রথমে সভায় ইনোভেশন টিমের দাখিলকৃত প্রথম ত্রৈমাসিক রিপোর্ট নিয়ে আলোচনা করা হয়। চলতি বছরের উত্তাবনী উদ্যোগ “সেকেন্ডারি কনভার্সন প্ল্যান্ট (এসসিপি)-এর পাম্পের গ্ল্যান্ড কুলিং ওয়াটার রিসাইক্লিং প্রকল্প”-এর হালনাগাদ তথ্য জানতে চাইলে সদস্য সচিব কমিটিকে অবহিত করেন যে, ইতিমধ্যে পরীক্ষামূলকভাবে সংশ্লিষ্ট পরিসরে এসসিপি’র জন্য কার্যক্রমটি হাতে নেওয়া হয়েছে। পরবর্তীতে ইআরএল-এর অন্যান্য ইউনিটের জন্য এই উদ্যোগ বাস্তবায়ন করা যাবে। সভাপতি মহোদয় উদ্যোগটির বিস্তারিত কার্যক্রমের হালনাগাদ অবস্থা জেনে সন্তোষ প্রকাশ করেন এবং আগামী ২০ ডিসেম্বরের মধ্যে উদ্যোগটির উল্লেখযোগ্য অগ্রগতি সম্পাদনের জন্য গুরুত্ব আরোপ করেন। এছাড়া সভায় যত দ্রুত সম্ভব সেবা সহজীকরণের আওতায় রাখা উদ্যোগ “বিটুমিন ডেলিভারি সিস্টেম” সম্পর্কিত সফটওয়্যারের নির্মাণ কাজ ও পরীক্ষামূলক ব্যবহারের সম্পন্ন করে বাস্তবায়নের ব্যাপারে বিশদ আলোচনা হয়।

৩.০ সিদ্ধান্ত:

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) আগামী ২০ ডিসেম্বরের মধ্যে উত্তাবনী উদ্যোগটির ন্যূনতম ৭০% কাজ সম্পাদন করতে হবে।
- (খ) চূড়ান্তভাবে মনোনীত দুইটি উত্তাবনী উদ্যোগ যথাসময়ে সম্পাদনে সার্বিক ও জোরালো পদক্ষেপ নিতে হবে।
- (গ) ট্যাংক ফার্ম, প্ল্যানিং, প্রসেস, এসসিপি ও এবিপি ড্রাম প্ল্যান্টের দৈনন্দিনের বিভিন্ন (লগশিট, প্যারামিটার, উৎপাদন, টেস্ট রিপোর্ট ইত্যাদি) তথ্য-উপাত্ত ডিজিটাইজেশন উদ্যোগটি পরবর্তী অর্ধবছরে করা হবে।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মোস্তাফিজার রহমান)
ডিজিএম (পি এন্ড এস) ও
ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

বিতরণ:

জনাব মমশাদ করিম আনোয়ার, ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ শামিউল ইসলাম, ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ সাইফুর রহমান, ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ সোহরাব হোসেন, ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মোঃ বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম

অনুলিপি:

ব্যবস্থাপনা পরিচালক –সদয় অবগতির জন্য
ফাইল




ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

(সংলাগ-১)

তারিখ: ০৬/১২/২০২২ খ্রি.

“ইনোভেশন টিম”-এর মাসিক সমন্বয় সভার উপস্থিতি

নাম	পদবি	স্বাক্ষর
মোঃ মোস্তাফিজার রহমান	ডিজিএম (পি এন্ড এস) ও ইনোভেশন অফিসার	 6/12/22
মমশাদ করিম আনোয়ার	ডিজিএম (ডেভলপমেন্ট) ও সদস্য, ইনোভেশন টিম	Absent
মোঃ শ্বামিউল ইসলাম	ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম	 06.12.2022
মোঃ কামরুজ্জামান	ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম	Absent
মোঃ সাইফুর রহমান	ম্যানেজার (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম	Absent
সোহরাব হোসেন	ম্যানেজার (প্ল্যানিং) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম	
মোঃ বায়েজিদ ইসলাম	এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম	